REG· NO·C· 853

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১৲০ দুই পয়সা বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ পত্র।

ছাদের জন্য
**লোহার কড়ি**
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি। সস্তর দরের জন্য পত্র লিখুন।
**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**
ম্যানেজিং ডিরেক্টার :—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্ম্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

২৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৯ই আশ্বিন বুধবার ১৩৪৭ ইংরাজী 25th September 1940 | ২০শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ আর-সি-এস ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৷০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

**নূতন বীমা**

**৩ কোটি ১৪ লক্ষ টাকার উপর**

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চলতি বীমা | ... | ১৬ কোটি | ৩৪ লক্ষের | উপর | |
| বীমা তহবিল | ... | ২ | ,, | ৯৬ লক্ষের | ,, |
| মোট সংস্থান | ... | ৩ | ,, | ৩৬ ,, | ,, |
| প্রিমিয়াম আয় | ... | ... | ... | ১৪ ,, | ,, |
| দাবী শোধ | ... | ১ | কোটি | ৮৫ ,, | ,, |

হেড আফিস—হিন্দুস্থান বিল্‌ডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি :—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

মহা সমর ! মহা সমর !!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

শাখাসমূহ :—২৬৪, ২৬৫, ২৬৬ বংশাল রোড, নবাবপুর ঢাকা, সরারগঞ্জ, মজফরপুর বি-এন-ডবলিউ-আর।

ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া ( সি, পি ) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।

দরের জন্য পত্র লিখুন।

## NOTICE.

Notice to all keepers and owners of presses (including cyclostyle machines).

Under section 4 of the press and Registration of Books Act 1867 (XXV of 1867) read with section 32 of the India press (Emergency powers) Act, 1931 (XXIII of 1931) all persons who keep in their possession presses are required to make a declaration in respect thereof before the Chief Presidency Magistrate or the District Magistrate according as the presses are situated in Calcutta or elsewhere.

For the purpose of this requirement 'presses' include all cyclostyle machines used for the multiplication of 'books', 'newspapers' or 'news-sheets' as defined in section 2 of the Indian Press (Emergency Powers) Act, 1931 (XXIII of 1931).

All persons who have not already made a declaration under the Press and Registration of Books Act, 1867 (XXV of 1867) in respect of any 'presses' in their possession (including cyclostyle machines used for the purposes set forth above but not those used exclusively in the ordinary course of office business otherwise than as above) are hereby warned to comply with the law within 30 days failing which action will be taken against them under the penal provisions of the Press and Registration of Books Act, 1867 (XXV of 1867).

Dated Berhampore, the 20th. September, 1940.

Sd. Md. Mahmud.
District Magistrate,
Murshidabad.

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৯ই আশ্বিন বুধবার সন ১৩৪৭ সাল

### ভেজাল তৈলে দণ্ড

জঙ্গিপুরের ব্যবসায়ী শ্রীযুক্ত প্রসন্নকুমার পাল মহাশয়ের ভেজাল তৈল বিক্রয়ের অপরাধে ১৫৲ টাকা অর্থদণ্ড হইয়াছে।

### ভেজাল দুগ্ধে দণ্ড

ভেজাল দুগ্ধ বিক্রয়ের অপরাধে জঙ্গিপুর মহাবীরতলার কালু ঘোষের ১০৲ দশ টাকা ও মিঞাপুর গ্রামের ভুজঙ্গিনী দাসীর ৩৲ তিন টাকা অর্থদণ্ড হইয়াছে।

### জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান নির্ব্বাচন

উক্ত মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান বাবু কালীচরণ সিংহ মহাশয়ের পরলোক গমনে চেয়ারম্যানের পদ খালি হওয়ায় গত ১৯৩৯ এর ৩রা নভেম্বর একবার চেয়ারম্যান নির্ব্বাচন সময়ে ডাঃ হরিদাস নাথ বি, এস, সি, ; এম-বি, ও স্থানীয় কন্ট্রাক্টর মিঃ হাউসতুল্লা সেখ এই উভয়ের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় নির্ব্বাচন-সভাপতি ভাইস্ চেয়ারম্যান মৌঃ জাহিরুদ্দিন বিশ্বাস বি, এল সাহেব ডাঃ নাথের পক্ষে প্রদত্ত শ্রীযুক্ত শ্যামাচরণ চক্রবর্ত্তী উকীল মহাশয় লিখিত ভোটের কাগজখানি নাকচ করিয়া উভয়ের সমান সমান ভোটের উপর মিঃ হাউসতুল্লা সাহেবকে নিজের "কাষ্টিং-ভোট" দিয়া তাঁহাকে নির্ব্বাচিত চেয়ারম্যান বলিয়া ঘোষণা করেন। ডাঃ নাথের পক্ষে এই নির্ব্বাচনের প্রতিবাদ করায় বাংলা গভর্ণমেণ্ট এই সুদীর্ঘ ১১ মাসের পর উক্ত নির্ব্বাচন বাতিল করিয়া দিয়াছেন।

গত ২১শে সেপ্টেম্বর শনিবার ভাইস-চেয়ারম্যান মৌঃ জাহিরুদ্দিন বিশ্বাস বি-এল সাহেবের সভাপতিত্বে হাজী মনিরুদ্দিন আহাম্মদ সাহেব ও মিঃ হাউসতুল্লা সেখ সাহেবের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় হাজী সাহেব ৮ ভোট এবং হাউসতুল্লা সাহেব ১০ ভোট পান। হাউসতুল্লা সাহেব নির্ব্বাচিত চেয়ারম্যান বলিয়া ঘোষিত হইয়াছেন।

### শোক সংবাদ

গত ২১শে সেপ্টেম্বর শনিবার রাত্রি ৭॥ ঘটিকার সময় রঘুনাথগঞ্জের বিখ্যাত চর্ম্মব্যবসায়ী মহম্মদ সোলেমান সাহেব অকস্মাৎ ইহলীলা সম্বরণ করিয়াছেন।

সোলেমান মিঞা তাঁহার বসতবাটীখানি সুন্দররূপে সংস্কার করিয়া তাহাতে বেতার-যন্ত্র স্থাপন করিবেন এই কল্পনা করিয়াছিলেন। বৃদ্ধ পিতা, পত্নী, ছোট ছোট শিশুসন্তানগুলির ভরসাস্থল সোলেমান হঠাৎ পীড়িত হইয়া পড়িলেন, মাত্র ১ দিন রোগ ভোগ করিয়া দুনিয়ার কাছে বিদায় লইয়া চলিলেন।

সোলেমান মিঞার হৃদয়খানি দয়ায় ভরা ছিল। এমন নির্ব্বিরোধী লোক আজকাল দেখা যায় না। সহরের যে অংশে তাঁহার বাস, সেখানে তিনি ছাড়া আর কোনও মুসলমানের বাড়ী ছিল না। তাঁর বাড়ীর চারিদিকেই হিন্দু গরীব প্রতিবেশী। কোনও দিন কোনও হিন্দুর সহিত তাঁহাদের কোন মনোমালিন্য কেহ দেখেন নাই ইহা আজকালকার দিনে কাঙ্গাল হিন্দুপরিবেষ্টিত সঙ্গতিপন্ন মুসলমান গৃহস্থের কম প্রশংসার কথা নয়। শুধু তাই নয়, প্রতিবেশীর বিপদকে নিজের বিপদ মনে করিয়া আর্থিক সাহায্যও তিনি অনেক সময় করিয়া প্রতিবেশীর বিপদোদ্ধার করিতেন। আমরা তাঁর শোকাকুল স্বজনগণের সহিত সমবেদনা প্রকাশ করি এবং খোদার নিকট তাঁর আত্মার সদ্গতি কামনা করি।

### পাটচাষ নিয়ন্ত্রণের পরিকল্পনা গৃহীত

পাটের সরবরাহ এবং পৃথিবীতে পাটের ও পাটজাত দ্রব্যের উপস্থিত চাহিদা কিরূপ এবং অদূর ভবিষ্যতেই বা কি প্রকার হইবার সম্ভাবনা রহিয়াছে, তৎসম্পর্কে সমস্ত বিষয় আরও বিশেষভাবে বিবেচনা করিয়া গভর্ণমেণ্ট আগামী বৎসর পাটচাষ নিয়ন্ত্রণের পূর্ব্ব সিদ্ধান্ত কার্য্যে পরিণত করিতে স্থির করিয়াছেন। এক্ষণে ইহা পরিস্কাররূপেই বুঝা গিয়াছে যে, পাট-চাষীদের নিজেদের স্বার্থের খাতিরেই পাটের চাষ হ্রাস করা প্রয়োজন। সেই জন্য গভর্ণমেণ্ট, ১৯৪১ সনে যে পাটের চাষ হইবে, তৎসম্পর্কে ১৯৪০ সনের বঙ্গীয় পাট-নিয়ন্ত্রণ আইনের বিধানসমূহ প্রয়োগ করিতে সঙ্কল্প করিয়াছেন। এই আইন কঠোর ভাবেই প্রয়োগ করা হইবে এবং পাটের আবাদ যতটা হ্রাস করা আবশ্যক, সে পরিমাণে হ্রাস করা হইবে।

পাটচাষ-নিয়ন্ত্রণ আইনের অষ্টম ধারায় যে-পরামর্শ বোর্ড গঠন করিবার বিধান আছে, উহা গঠনের ও উহার পরামর্শ গ্রহণের ব্যবস্থা অবিলম্বে করা হইয়াছে। উক্ত বোর্ড যে-পরামর্শ প্রদান করেন, তাহা বিবেচনা করার পর আগামী বৎসর কি পরিমাণ কম জমিতে পাটের আবাদ করা হইবে তাহা যতদূর সম্ভব শীঘ্রই ঘোষণা করা হইবে।

গভর্ণমেণ্ট আইন সভার কোয়ালিশন দলের সদস্যগণের সহিত এ-বিষয়ে পরামর্শ করিয়াছেন এবং এ-কথা ঘোষণা করা যাইতে পারে যে, ১৯৪১ সালে পাটচাষের জমির পরিমাণ নিয়ন্ত্রণ ও হ্রাস করার সিদ্ধান্ত সম্পর্কে কোয়ালিশন দল গভর্ণমেণ্টকে সম্পূর্ণরূপে সমর্থন করেন। এমন কি, যদি প্রয়োজন হয়, বর্ত্তমান বৎসরের পাটের আবাদী জমির অর্দ্ধেকেরও বেশী হ্রাস করা সম্পর্কেও কোয়ালিশন দল গভর্ণমেণ্টের সহিত একমত। গভর্ণমেণ্ট আশা করেন যে, পাট-চাষী ও পাট-শিল্পের সহিত সংশ্লিষ্ট সকলের কল্যাণের পক্ষে একান্ত প্রয়োজনীয় এই ব্যাপারে তাঁহারা এতদসংশ্লিষ্ট সকলের পূর্ণ সমর্থন ও সহযোগিতা লাভ করিবেন। (কমিউনিক)

### পাট-চাষীদিগের প্রতি সরকারী উপদেশ

ইণ্ডিয়ান জুট মিলস্ এসোসিয়েশন আগামী ডিসেম্বর মাসের শেষ পর্য্যন্ত কলিকাতায় কি দরে পাট ক্রয় করিতে পারেন তাহা গভর্ণমেণ্ট তাঁহাদের গত ৬ই জুলাই তারিখের প্রেস্ নোটে পাট-চাষীদের অবগতির জন্য জানাইয়াছেন। উক্ত দর নিম্নে উল্লেখ করা গেল :—

| | মিডল্‌স্ | বটম্ |
|---|---|---|
| ইউরোপীয়ান জাত ও ডিষ্ট্রীক্ট | ৯৲ | ৮৲ |
| ইণ্ডিয়ান জাত ... | ৮॥০ | ৭॥০ |
| ইণ্ডিয়ান ডিষ্ট্রীক্ট ... | ৮৲ | ৭৲ |

গভর্ণমেণ্ট পাটচাষীদিগকে উপরোক্ত দর অনুসারে তাহাদের নিজ নিজ স্থানীয় বাজার দর নির্দ্ধারণ করিতে ও ন্যায্য মূল্যে সমস্ত মৌসুম ধরিয়া অল্প অল্প করিয়া পাট বিক্রয় করিতে উপদেশ দিয়াছেন, কেননা এক সঙ্গে বেশী পাট বিক্রয় করিলে উক্ত নিম্ন-দর বজায় রাখা সম্ভব হইবে না। গভর্ণমেণ্ট ইহাও উপদেশ দিয়াছেন যে, পাট-চাষীরা যেন অপরিষ্কার ও ভিজা পাট এবং উহা উপযুক্তরূপে তৈয়ারী না করিয়া বিক্রয় না করে। গভর্ণমেণ্ট পুনরায় ঐ সব বিষয়ে সকলকে সতর্ক করিয়া দিতেছেন এবং পাট সংশ্লিষ্ট সকলকে জানাইয়া দিতেছেন যে, সরকারী উপদেশমত কাজ না করিলে এই দর বজায় থাকিবে না। গভর্ণমেণ্ট পাটচাষীদিগকে আরো জানাইতেছেন যে, বিগত ২৯শে আগষ্ট তারিখের সরকারী বিবৃতিতে ঘোষণা করা হইয়াছে যে, ১৯৪১ সনে পাটের আবাদ প্রায় আনুমানিক চাহিদার সমান করিয়া নিয়ন্ত্রণ করা হইবে। গভর্ণমেণ্টকে এ বিষয়ে সম্পূর্ণরূপে সমর্থন করিবেন বলিয়া কোয়ালিশন দল বিগত ২৮শে আগষ্ট তারিখে একটি প্রস্তাব গ্রহণ করিয়াছেন। এই প্রস্তাবে তাঁহারা গভর্ণমেণ্টকে অনুরোধ করিয়াছেন যে, পাটচাষ নিয়ন্ত্রণ যেন প্রকৃতভাবে কার্য্যকরী করা হয় এবং প্রয়োজন হইলে বর্ত্তমান বৎসরে যে পরিমাণ জমিতে পাটের আবাদ হইয়াছে তাহার আট আনা, এমন কি বার আনাও যেন হ্রাস করা হয়। গভর্ণমেণ্ট কোয়ালিশন দলের এই সমর্থন সাদরে গ্রহণ করিয়াছেন এবং তাঁহাদের অনুরোধ বিশেষরূপে বিবেচনা করিবেন। এ বৎসর অত্যধিক পাট জন্মিয়াছে এবং সম্ভবতঃ বর্ত্তমান বৎসরের প্রয়োজন অপেক্ষা অনেক পাট উদ্বৃত্ত থাকিবে। যুদ্ধের জন্য পাটের চাহিদা অনেক কমিয়া গিয়াছে। ভারতবর্ষ হইতে সাধারণতঃ যে-কাঁচা পাট অন্যান্য দেশে রপ্তানি হয় তাহার চাহিদা আরও বেশী কমিয়া গিয়াছে। গভর্ণমেণ্ট মনে করেন যে পাট-চাষীরা বর্ত্তমান অবস্থা সম্যক উপলব্ধি করিবে এবং ইহাও বুঝিতে পারিবে যে, কৃষকদের উপকারার্থে এবং কাঁচা পাটের দর বজায় রাখিবার জন্যই আগামী বৎসর পাট চাষ নিয়ন্ত্রণ করা হইবে।

গভর্ণমেণ্ট অবগত আছেন যে, বহু চাষীই পাট মজুত রাখিতে সক্ষম নহে, কিন্তু তাঁহারা এ কথাও জানেন যে, এমন অনেক চাষী আছে যাহারা কিছুদিন অপেক্ষা করিয়াও পাট বিক্রী করিবার সামর্থ্য রাখে। বস্তুতঃ অনেক সময় ভাল দাম পাওয়ার জন্য তাহারা পাট মজুত রাখিয়াও থাকে। গভর্ণমেণ্ট মনে করেন যে, তাঁহারা আগামী বৎসর পাট চাষ নিয়ন্ত্রণের যে সংকল্প করিয়াছেন তাহা কার্য্যকরী ভাবে প্রয়োগ করিলে পাট-চাষীরা বর্ত্তমান দর অপেক্ষা আগামী বৎসর কম দর পাইবে না বরং ইহা অপেক্ষা ভাল দরও পাইতে পারে। এই সমস্ত বিবেচনা করিয়া গভর্ণমেণ্ট পরামর্শ দেন যে, যাহারা পাট মজুত রাখিতে পারে, তাহারা যেন উৎপন্ন পাট একবারে

ব্রজশশী
# আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।

( স্থাপিত সন ১৩৩২ সাল )

প্রতিষ্ঠাতা ও প্রধান চিকিৎসক

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন

প্রধান ঔষধালয় :— রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ।

শাখা ঔষধালয় :— জঙ্গীপুর ( বাবুবাজার।


আয়ুর্ব্বেদীয় সকল রকম আসব, অরিষ্ট, মোদক, বটী, তৈল, ঘৃত, চূর্ণ ও ধাতুভস্মাদি সর্ব্বদা প্রচুর মজুত থাকে। মফঃস্বলের চিকিৎসকগণকে উপযুক্ত কমিশন দেওয়া হয়।

# পণ্ডিত প্রেস


রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

উচ্চশ্রেণীর ছাপার জন্য বিখ্যাত

পরীক্ষা প্রার্থনীয়।




মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।


ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণাপ্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয় মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৵০ ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন ঃ—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার ( জীবনীশক্তি ) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৵০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৵০

প্রাপ্তিস্থান **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
**ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা**




# সাধনা ঔষধালয়-ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি — পৃথিবীর সর্ব্বত্র



অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী

এম-এ, এফ-সি-এস ( লণ্ডন ), এম-এস-সি ( আমেরিকা )

ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক ( প্রফেসার )

মকরধ্বজ ( বিশুদ্ধ ও স্বর্ণঘটিত ) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্নদোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত